

## ছাত্রদের কিছু বলার থাকলে আদালতে বলা উচিত - স্বরাষ্ট্রমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ  
১৪ জুলাই ২০২৪, ১২:০০ এএম



# নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রাস্তা অবরোধ না করে কোটা আন্দোলন থামিয়ে ছাত্রদের কিছু বলার থাকলে আদালতে বলা উচিত। গতকাল ময়মনসিংহ পুলিশ লাইনসে ‘বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর’ উদ্বোধন ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, মুক্তিযোদ্ধাদের সঙ্গে পুলিশ বাহিনী সক্রিয় ভূমিকা পালন করেছে। পুলিশ সদস্যদের এই বীরত্বগাথা মুক্তিযোদ্ধা জাদুঘরে যেন স্থান পায়। যেখান থেকে প্রজন্ম থেকে প্রজন্ম তাদের বীরত্বের ইতিহাস সম্পর্কে জানতে পারে।

ময়মনসিংহ জেলার মুক্তিযুদ্ধের পৌরবময় ইতিহাস ও মুক্তিযুদ্ধ ময়মনসিংহ জেলা পুলিশ সদস্যদের বীরত্বপূর্ণ ভূমিকা উপজীব্য করে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর। জাদুঘরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি, মুক্তিযোদ্ধাদের ব্যবহৃত বিভিন্ন ধরনের অস্ত্র, পোশাক, তেজসপত্র রাখা হয়েছে। এ ছাড়া চিত্রকর্মের মাধ্যমে মুক্তিযুদ্ধকালীন পুলিশের ভূমিকা, করোনা মহামারীসহ নানা দুর্ঘাগে পুলিশের তৎপরতার চিত্র ফুটিয়ে তোলা হয়েছে।

ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি মো. শাহ আবিদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংসদ সদস্য মোহিত উর রহমান শান্ত, শরীফ আহমেদ, ফাহমী গোলন্দাজ বাবেল, মো. নজরুল ইসলাম, সিটি করপোরেশনের মেয়ার মো. ইকরামুল হক টিটু প্রমুখ।